সংবাদ

তারিখ ... 10 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

# চট্টগ্রামে শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ

চট্টগ্রাম ব্যুরো

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের আধুনিক আইটি শিক্ষায় সুশিক্ষিত হয়ে জীবন গড়ার আহ্বান জানিয়েছেন এম. এ. লতিফ এমপি। বর্তমান প্রজন্মকে আধুনিক কম্প্রিউটার শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে চট্টগ্রাম-১১ আসনের শিক্ষার্থীদের জন্য এম. এ. লতিফ এমপির উদ্যোগে প্রতি বছরের ন্যায় এবারও এসএসসি পরীক্ষার পর বিনামূল্যে আইটি প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা করা হয়। প্রশিক্ষণ কোর্স সম্পন্নকারী প্রায় ২০০ (দুইশত) শিক্ষার্থীদের মাঝে চিটাগাং চেম্বার মিলনায়তনে সনদপত্র বিতরণ করা হয়। সনদপত্র বিতরণ অনুষ্ঠানে তিনি শেখ হাসিনার স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়তে ডিজিটাল বাংলাদেশ রূপকার প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এর পরামর্শক্রমে সরকারের গৃহীত পদক্ষেপ কার্যকর করতে বর্তমান ছাত্র সমাজের জন্য কম্পিউটার শিক্ষা অপরিহার্য উলেখ করেন। দেশকে এগিয়ে নিতে শিক্ষার্থীরা দক্ষ জনশক্তি হিসেবে বহির্বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে তথ্য-প্রযুক্তি সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনপূর্বক স্ব-স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করতে এ জাতীয় ফ্রি কম্পিউটার প্রশিক্ষণ কোর্স সহায়ক ভূমিকা পালন করবে বলে এম. এ. লতিফ এমপি অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে অভিভাবকবৃন্দ নতুন প্রজন্মকে আধুনিক তথ্য ও প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে এম. এ. লতিফ এমপি কর্তৃক গৃহীত এ ধরণের পদক্ষেপকে স্বাগতঃ জানায়। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীরা তাদেরকে পরীক্ষা পরবর্তী অবসর সময়ে বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ করে দেয়ায় এম. এ. লতিফ এমপি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় চিটাগাং চেম্বারের সেক্রেটারি ইনচার্জ প্রকৌশলী মো. আলমগীর চৌধুরী, অতিরিক্ত সচিব প্রকৌশলী মোহাম্মদ ফারুক, উপ-সচিব মোঃ আলী আজগর, প্রশিক্ষণ কোর্সের প্রধান প্রশিক্ষক উত্তম কুমার দাশ, সমন্বয়কারী মোঃ মাহবুব আলমসহ প্রশিক্ষণার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।